

তারবার্তা
বাংলা ব্যাংক
দূরাল্পনী : ৭১২৬১০১-১৪
Website: www.bangladeshbank.org.bd
www.bangladesh-bank.org

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
(সাধারণ শাখা)

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৩/২০১০

২৬ জৈষ্ঠ, ১৪১৭বাং
তারিখঃ-----
০৯ জুন, ২০১০ খ্রিঃ

প্রধান নির্বাহী
বাংলাদেশে কর্মরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

২০১০ সালের ছুটির তালিকা সংশোধন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

অত্র বিভাগের ০৩/১২/২০০৯ তারিখের ডিএফআইএম সার্কুলার লেটার নং ১৬/২০০৯ এর প্রতি দৃষ্টি আকর্ষনপূর্বক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্থাপন মন্ত্রণালয়ের বিধি-৪ শাখার ২৫-০৪-২০১০ তারিখের স্মারক নং- ০৫.১৭৩.০০৮.০৯.০০.০০১.২০১০-১৬২/১(৫০০) এ বর্ণিত নির্দেশনা আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অপর পৃষ্ঠায় হুবহু পুনঃ মুদ্রণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শফিকুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৯৫৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.moestab.gov.bd

স্মারক নং-০৫.১৭৩.০০৮.০৯.০০.০০১.২০১০-১৬২

১২ বৈশাখ, ১৪১৭ বঙ্গাব্দ
তারিখঃ -----
২৫ এপ্রিল, ২০১০ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

সংস্থাপন মন্ত্রণালয়ের ২৫ নভেম্বর, ২০০৯/১১ অগ্রহায়ণ, ১৪১৬ তারিখের সম(বিধি-৪)-ছুটি-৯/২০০৭-৪৫২নং প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের পরিপ্রেক্ষিতে চন্দ্রতিথি অনুসারে পূর্বে ঘোষিত শুভ জন্মাষ্টমী আগামী ১৫ আগস্ট, ২০১০/৩১ শ্রাবণ, ১৪১৭ তারিখ রোজ রবিবার এর পরিবর্তে শুভ জন্মাষ্টমী ০২ সেপ্টেম্বর, ২০১০/১৮ ভাদ্র, ১৪১৭ তারিখ রোজ বৃহস্পতিবার বাংলাদেশের সকল সরকারী ও আধা-সরকারী অফিস এবং স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থা/প্রতিষ্ঠানসমূহে সাধারণ ছুটি (পাবলিক হলিডে) পালন করা হবে।

২। যে সকল অফিসের সময়সূচী ও ছুটি তাদের নিজস্ব আইন-কানুন দ্বারা নিয়ন্ত্রিত হয়ে থাকে অথবা যে সকল অফিস, সংস্থা ও প্রতিষ্ঠানের চাকুরী সরকার কর্তৃক অত্যাবশ্যিক চাকুরী (Essential Service) হিসেবে ঘোষণা করা হয়েছে সেক্ষেত্রে সংশ্লিষ্ট অফিস, সংস্থা ও প্রতিষ্ঠান নিজস্ব আইন-কানুন অনুযায়ী জনস্বার্থ বিবেচনা করে এ ছুটি ঘোষণা করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাঃ
(আলী আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬০৮৪৯
dsregulation4@moestab.gov.bd

স্মারক নং-০৫.১৭৩.০০৮.০৯.০০.০০১.২০১০-১৬২/১(৫০০)

১২ বৈশাখ, ১৪১৭ বঙ্গাব্দ
তারিখঃ -----
২৫ এপ্রিল, ২০১০ খ্রিষ্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২।
- ৩।
- ৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।

স্বাক্ষর অসম্পূর্ণ
২৫/৪/১০
(আলী আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬০৮৪৯